

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় : মদীনা সফর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীদ্বয়ের কবর যিয়ারত

তাহিয়্যাতুল মসজিদ বা ফরয নামাজ পড়ার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীদ্বয়ের কবরে সালাম নিবেদন করতে যাবেন।

১. কবরের কাছে গিয়ে কবরের দিকে মুখ দিয়ে কিবলাকে পেছনে রেখে দাঁড়িয়ে বলবেন,

السَّلامُ عَلَيْكَ يَا رَسُوْلُ اللهِ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ، صَلَّى اللهُ وَسَلَّمَ وَبَارَكَ عَلَيْكَ، وَجَزَاكَ أَفْضَلَ مَا جَزَى اللهُ نَبيًّا عَنْ أُمَّتِهِ.

(আস্পালামু আলাইকা ইয়া রাসূলাল্লাহ ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু, সাল্লাল্লাহু ও সাল্লামা ওয়া বারাকা আলাইকা, ওয়া জাযাকা আফদালা মা জাযাল্লাহু নাবিয়ান আন উম্মাতিহি।)

'হে আল্লাহর রাসূল, আপনার ওপর সালাম, আল্লাহর রহমত ও তাঁর বরকতসমূহ। আল্লাহ আপনার ওপর সালাত, সালাম ও বরকত প্রদান করুন। আর আল্লাহ কোন নবীর প্রতি তার উম্মতের পক্ষ থেকে যত প্রতিদান তথা সওয়াব পৌঁছান, আপনার প্রতি তার থেকেও উত্তম প্রতিদান ও সওয়াব প্রদান করুন।' আর যদি এ ধরনের অন্য কোন উপযুক্ত দো'আ পড়ে তবে তাতেও কোন সমস্যা নেই।

২. অতপর ডান দিকে এক হাত এগিয়ে আবূ বকর রা.-এর কবরের সামনে যাবেন। সেখানে পড়বেন,

اَلسَّلامُ عَلَيْكَ يَا أَبَا بَكَرْ, اَلسَّلامُ عَلَيْكَ يَا خَلِيْفَةَ رَسُوْلِ اللهِ فِي أُمَّتِهِ, رَضِيَ اللهُ عَنْكَ وَجَزَاكَ عَنْ أُمة محمد خيراً.

(আস্পালামু আলাইকা ইয়া আবা বাকর, আসসালামু আলাইকা ইয়া খালীফাতা রাসূলিল্লাহি ফী উম্মাতিহী, রাদিয়াল্লাহু 'আনকা ওয়া জাযাকা 'আন উম্মাতি মুহাম্মাদিন খাইরা।)

৩. এরপর আরেকটু ডানে গিয়ে উমর রা.-এর কবরের সামনে দাঁড়াবেন। সেখানে বলবেন,

اَلسَّلامُ عَلَيْكَ يَا عُمَرُ, اَلسَّلامُ عَلَيْكَ يَا أَمِيْرَ المُؤْمِنِيْنَ, رَضِيَ اللهُ عَنْكَ وَجَزَاكَ عَنْ أُمَّةِ محُمد خيراً.

(আস্পালামু আলাইকা ইয়া উমার, আসসালামু আলাইকা ইয়া আমীরাল মু'মিনীন, রাদিয়াল্লাহু আনকা ওয়া জাযাকা আন উম্মাতি মুহাম্মাদিন খাইরা।)

তারপর এখান থেকে চলে আসবেন। দো'আর জন্য কবরের সামনে, পেছনে, পূর্বে বা পশ্চিম- কোন দিকেই দাঁড়াবেন না। ইমাম মালেক রহ. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর কবরের সামনে শুধু সালাম জানানোর জন্য দাঁড়াবে, তারপর সেখান থেকে সরে আসবে। যেমনটি ইবন উমর রা. করতেন। ইব্দুল জাওয়ী রহ. বলেন, শুধু নিজের দো'আ চাওয়ার জন্য কবরের সামনে যাওয়া মাকরাহ। ইবন তাইমিয়া রহ. বলেন, দো'আ চাওয়ার জন্য কবরের কাছে যাওয়া এবং সেখানে অবস্থান করা মাকরাহ।[1]



কবর যিয়ারতের সময় নিচের আদবগুলোর প্রতিও লক্ষ্য রাখবেন :

- রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামএর উঁচু মর্যাদা ও সম্মানের প্রতি খেয়াল রাখবেন। উচ্চস্বরে কিছু বলবেন না।
- ভিড়ের মধ্যে ধাক্কাধাক্তি করে অন্যকে কষ্ট দেবেন না।

কবরের সামনে বেশিক্ষণ দাঁড়াবেন না।

## ফুটনোট

[1]. ইবন তাইমিয়া, মাজমূ' ফাতাওয়া : ২৪/৩৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7450

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন